৮/১০/২০০২

দৈনিক সংবাদ

তারিখ ... ... ... ...
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ৪ ...

### কিশোরগঞ্জ উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগ

# মেরামত ও সংরক্ষণ প্রকল্পের কাজ না করে ৪ লাখ টাকা উত্তোলন

নীলফামারী থেকে নিজস্ব সংবাদদাতা ঃ জেলার কিশোরগঞ্জ উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগের বিরুদ্ধে গত ২০০০-২০০১ অর্থবছরে মেরামত ও সংরক্ষণ প্রকল্পের কাজ না করে প্রায় ৪ লাখ টাকা উত্তোলনের অভিযোগ পাওয়া গেছে।

সরকার দেশের প্রাথমিক শিক্ষা উন্নয়নের জন্য কিশোরগঞ্জ উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগের অনুকূলে মেরামত ও সংরক্ষণকল্পে প্রাথমিক শিক্ষা বিভাগের অনুকূলে মেরামত ও সংরক্ষণকল্পে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালকের স্মারক নং- বিওপিই। (হিসাব) ২০০০-২০০১/৮৭৯৮/৩১ তারিখ ৪-৫-২০০১ইং মোতাবেক ৩ লাখ ৯৫ হাজার টাকা বরাদ্দ প্রদান করে। প্রাপ্ত বরাদ্দ মোতাবেক উপজেলা শিক্ষা কমিটি গত ৬ই মে ১৬টি প্রাথমিক বিদ্যালয়ের ক্ষুদ্র মেরামত ও সংরক্ষণকল্পে ৩ লাখ ৯৫ হাজার টাকা উপ-বরাদ্দ প্রদান করে। সংশ্লিষ্ট প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকগণ জানান, উপজেলা শিক্ষা অফিসার প্রাথমিক বিদ্যালয়গুলোর যাচাই-বাছাই না করে উৎকোচ গ্রহণের মাধ্যমে একই প্রাথমিক বিদ্যালয়কে একাধিক বছর মেরামত ও সংরক্ষণ কাজে তালিকাভুক্ত করেন। এদের মধ্যে উপজেলা শিক্ষা অফিসে যারা বেশি যাওয়া-আসা করেন কিংবা উপজেলা শিক্ষা অফিসারের সাথে ভাল সম্পর্ক রাখেন তাদের বিদ্যালয় সিলেকশনের বেলায় অগ্রাধিকার দেয়া হয়।

এদিকে উপজেলা শিক্ষা অফিসের স্মারক নং-৩৭৮, তালিখ ১৬-৫-২০০০ইং মূলে বড়ডুমুরিয়া সরকারি প্রাথমিক বিদ্যালয় ৩০ হাজার টাকা, ভেড়ভেড়ি মাঝাপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয় ২০ হাজার টাকা, পানিয়াল পুকুর মিক্সড সরকারি প্রাথমিক বিদ্যালয় ২০ হাজার টাকা, মুত্তরত পানিয়াল পুকুর সরকারি প্রাথমিক বিদ্যালয় ৩০ হাজার টাকা, বাহাগিলি সরকারি প্রাথমিক বিদ্যালয় ২৫ হাজার টাকা, উত্তর দুরাকুটি ১নং সরকারি প্রাথমিক বিদ্যালয় ৩০ হাজার টাকা, দুরাকুটি প্রাথমিক বিদ্যালয় ২০ হাজার টাকা, চাঁদখানা ১নং সরকারি প্রাথমিক বিদ্যালয় ২৫ হাজার টাকা, পুষনা সরকারি প্রাথমিক বিদ্যালয় ২০ হাজার টাকা, বাকস্লা সরকারি প্রাথমিক বিদ্যালয় ৩০ হাজার টাকা, কিশামত বীরচরণ সরকারি প্রাথমিক বিদ্যালয় ২০ হাজার টাকা, পারেরহাট সরকারি প্রাথমিক বিদ্যালয় ২৫ হাজার টাকা, মাগুড়া সরকারি প্রাথমিক বিদ্যালয় ২৫ হাজার টাকা, বাজে ডমরিয়া ১নং সরকারি প্রাথমিক বিদ্যালয় ২৫ হাজার টাকা উপ-বরাদ্দ প্রদান করে।

উপজেলা শিক্ষা বিভাগ কর্তৃক ১৬টি বিদ্যালয়কে উপ-বরাদ্দ প্রদান করা হলেও গত ২০০১ অর্থবছরে বিদ্যালয়গুলোর কোন কাজ না করে সংশ্লিষ্ট শিক্ষা বিভাগ নিজ ক্ষমতাবলে সরকারি নীতিমালা লংঘন করে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের বরাদ্দকৃত ৩ লাখ ৯৫ হাজার টাকা উত্তোলন করে। উল্লেখ্য, মহাপরিচালক কর্তৃক বরাদ্দকৃত টাকা গত ৩০শে জুনের মধ্যে খরচ বাদে অব্যয়িত টাকা সরকারি কোষাগারে থাকায় সরকারি নির্দেশ থাকলেও উপজেলা শিক্ষা অফিসার তা পালনে ব্যর্থ হন।